Right to Information (RTI) has become an important and popular subject to the world community in recent times. But it is a recent concept in Bangladesh. The question is why and how it has become so popular and prominent. RTI is the 'Oxygen of Democracy' and a 'Sharp Cutting Weapon' against corruption. It gives meaning to participatory democracy and support to participatory development.

Marginalised groups are given a voice and tool to scrutinise development activities through RTI legislation. Democracy, equitable economic development and national stability are enhanced. It promotes openness, transparency and accountability, prevents administrative arbitrariness and bridges the gap between the provider and the recipient of public services. It also makes citizens a part of the decision-making process, government responsive and strengthens the foundation of democracy.

In a nut-shell, RTI is the effective tool for ensuring transparency and accountability in all public offices, statutory and autonomous bodies and private and non-government organisations (NGOs) run by the government or foreign funding. It helps in the reduction of corruption, establishing of good governance, sustainability of democracy and finally, establishment of a welfare state.

Right to Information started functioning in different countries in different names, such as Right to Information Act (RTIA), Freedom of Information Act (FOIA), Freedom of Press Act (FOPA), Freedom of Printing Act (FOPA) etc. But the activities of all the Acts are more or less the same.

Sweden was the first country to provide freedom of information to its citizens way back in 1766. She was quite alone for about 122 years in her long journey. Sweden was followed by Columbia in 1888 and Finland in 1951. RTIA was enacted by the United States of America (USA) in 1966 and amended in 1974 after the Watergate Scandal. It seems, 200 (two hundred) years was needed by the RTI idea to cross the Atlantic and to reach USA from Europe.

Everyone knows that the first achievement in the field of RTI/FOI was the passage of the Swedist FOPA in 1766. Most people, however, do not know the circumstances leading to that event. How such a revolutionary/radical piece of law was came into operation.

Why did it happen then and there? According to Blanton, "The reason was realpolitik. Sweden enjoyed an extended period of parliamentary rule between 1718 and 1772. And the new majority party in 1766 wanted to see the documents that the previous government had kept secret. "

The historical evidence is inevitably complex and contested. An inspired and significant pro-disclosure intellectual pamphlet, advocating freedom of press / information was published around that time. It was condemned, confiscated and selling, purchasing or making it accessible to the public was subject to penalty. The end result was a fight in the Swedish Parliament.

During the 18th century, struggles between two political parties, the "hats" and the "caps" led to a general discontent with regard to the lack of information about important state matters and the abuse of power by the irresponsible bureaucracy. The struggles for increased openness resulted in the adoption of the Freedom of Press Act, 1766.

The movement of RTI got momentum after the enactment of RTIA by the USA in 1966. During 1766-1966 the performance of RTI was limited within 04 (four) countries only. The number increased by 38 (thirty eight) countries by the year 2000 and the same has jumped up further to 50 (fifty) countries within a decade.

By the year 2010 the total number of RTI countries reached to 92 (ninety two). Bangladesh along with Cayman Islands, Chile, Cook Islands, Guatemala and Uruguay are the youngest members of the RTI family. They have adopted RTI in the year 2009. Out of 193 (one hundred and ninety three) countries, including newly born South Sudan, 92 (ninety two) countries of the world are covered by RTI.

Globally, a good number of other countries are also planning to join in the RTI family. Based on the rapid expansion, it is expected that by the middle of the present century, all the member countries of the world may be covered by RTI Acts.

The writer, a freedom fighter, is a former Secretary to the Government

PDF compression, OCR, web optimization using a watermarked evaluation copy of CVISION PDFCompressor

তথ্য অধিকার আইন
সম্ভাবনার নতুন ক্ষেত্র

ড. সাদেকা হালিম

তথ্য অধিকার মানবাধিকারের অন্তর্ভুক্ত। তথ্য অধিকার নিশ্চিত করার জন্য বহু রাষ্ট্রে 'তথ্য অধিকার আইন' আছে। জনগণের তথ্য অধিকার, সংশিষ্ট কর্তৃপক্ষের জবাবদিহিতা নিশ্চিত করা, দুর্নীতি হ্রাস ও সুশাসন প্রতিষ্ঠা করার লক্ষ্যে সংবিধানে মৌলিক অধিকাররূপে স্বীকৃত চিন্তা, বিবেক ও বাকস্বাধীনতার অধিকারের অবিচ্ছেদ্য অংশ হিসেবে তথ্যপ্রাপ্তির অধিকারকে সুনিশ্চিত করার লক্ষ্যে ৫ এপ্রিল ২০০৯ সালের তথ্য অধিকার আইন বাংলাদেশ গেজেট প্রজ্ঞাপন আকারে জারি করা হয়।

তথ্য অধিকার আইন নাগরিকের ক্ষমতায়নের সঙ্গে জড়িত এবং নাগরিকের প্রতি রাষ্ট্র এবং অঙ্গসংগঠন, রাজনৈতিক দল নেতৃত্ব, প্রশাসন ও অন্যান্য প্রতিষ্ঠানের দায়িত্বশীলতা নিশ্চিত করে। ওই আইনের ধারা ৪- এ উলেখ আছে, 'প্রত্যেক নাগরিকের কর্তৃপক্ষের নিকট থেকে তথ্য পাওয়ার অধিকার রয়েছে এবং কর্তৃপক্ষেরও একজন নাগরিককে তথ্য প্রদানে বাধ্য সরবরাহের ক্ষেত্রে চালিকাশাক্তি হিসেবে কাজ করবে। আবেদনকারীর আইনগত ভিত্তি (ধারা-৯) হচ্ছে তথ্য প্রদানে অনীহা আইনের লঙ্ঘন এবং তথ্য প্রার্থী আইনি প্রতিকার নিতে পারে। এই বক্তব্য তুলে ধরে যে তথ্য জনগণের, সরকারের নয়। বাংলাদেশ একটি গণতান্ত্রিক দেশ। জনগণের রায়ে সরকার নির্বাচিত হয় এবং জনগণের প্রদত্ত করের টাকায় সরকার চলে। তাই জনগণের চাহিদাকৃত তথ্য দিতে সরকার বাধ্য।

এ ছাড়া গবেষণায় পরিলক্ষিত, তথ্যের অবাধ সরবরাহের সঙ্গে দুর্নীতি হ্রাসের সম্পর্ক রয়েছে। উদাহরণস্বরূপ দুর্নীতির ধারণা সূচকের ভিত্তিতে দেখা যায়, যেসব দেশ (বিশেষ করে স্ক্যান্ডিনেভিয়ান দেশ গুলোর মধ্যে ফিনল্যান্ড) তথ্য অধিকার আইন গ্রহণ ও বাস্তবায়ন করেছে, তারাই সর্বনিম্ন দুর্নীতিগ্রস্ত দেশের তালিকায় স্থান পেয়েছে। যদিও সিঙ্গাপুর এ ক্ষেত্রে ব্যতিক্রম। তথ্য অধিকার আইন ছাড়াই কম দুর্নীতিগ্রস্ত দেশের তালিকায় স্থান পেয়েছে, যা দুর্নীতির ধারণাসূচক এবং তথ্য অধিকারের মধ্যকার চুড়ান্ত সম্পর্ককে চ্যালেঞ্জ করে। বস্তুত দুর্নীতি এবং তথ্য অধিকারকে সুনির্দিষ্ট ভাবে সম্পর্কিত করা যায় না, কারণ তা অন্যান্য আইনি, প্রাতিষ্ঠানিক এবং সর্বময় রাজনৈতিক পরিস্থিতির সঙ্গে সম্পর্কিত।

তথ্য অধিকার আইন বাস্তবায়নে বর্তমানে বেশ কিছু বেসরকারি সংগঠন কাজ করছে। পাশাপাশি তথ্য কমিশন তথ্য অধিকার আইন বাস্তবায়নে উদ্যোগী হয়েছে। তথ্য কমিশন সীমিত জনবল নিয়ে তথ্য অধিকার আইন সম্পর্কিত সচেতনতায় বিভিন্ন ফোরামে ডায়ালগ, দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাদের ডেটাবেইস তৈরি, ওয়েবপোর্টাল হালনাগাদকরণ এবং নিয়মিত প্রকাশনাসংক্রান্ত কাজ করছে। এ ব্যতীত তথ্য কমিশন প্রাপ্ত অভিযোগপত্রগুলো গ্রহণ করে প্রয়োজনীয় ব্যবস্থা নিচ্ছে। ৬৪টি জেলার মধ্যে ৩৩ টি জেলায় তথ্য কমিশন তথ্য অধিকার আইন জনঅবহিতকরণ করেছে।

তথ্যপ্রাপ্তির ক্ষেত্র সুসংহত করার সঙ্গে সঙ্গে সবচেয়ে গুরুত্বপূর্ণ কাজ হচ্ছে তথ্য অধিকার সম্পর্কে জনগণকে সচেতন করা। প্রধানমন্ত্রী শেখ হাসিনা তথ্য কমিশনের তথ্য বাতায়ন উদ্বোধনকালে বলেন, তথ্য অধিকার দরিদ্র, প্রান্তিক এবং সুবিধাবঞ্চিত মানুষের উন্নয়ন নিশ্চিত করবে। তিনি বিশেষ করে এ জনগোষ্ঠীর মধ্যে আইনটি সর্ম্পকে সচেতনতা সৃষ্টির ওপর গুরুত্বারোপ করেন। এ লক্ষ্যে ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য আ আ ম স আরেফিন সিদ্দিক বলেন, ' এখন সবকিছুই তথ্যপ্রাপ্তির ওপর নির্ভর করে, সুতরাং আমাদের প্রথমেই তথ্য অধিকার কী এবং কিভাবে তথ্য অধিকার জনগণের উপকারে আসবে তা তাদের জানাতে হবে। উলেখ্য, বাংলাদেশে ৭০-৮০ শতাংশ লোক তাদের মৌলিক অধিকার সম্পর্কে সচেতন নয় এবং তাদের অধিকার প্রতিষ্ঠায় তার নিঃসঙ্গ। সমাজের সর্বস্তরে তথ্য অধিকার এবং এর ব্যবহার সম্পর্কে ধারণা অবশ্যই পৌছাতে হবে। বিশেষ করে উন্নয়নশীল দেশ যেমন বাংলাদেশ, ভারত, নেপাল, শ্রীলঙ্কায় অধিকাংশ লোক দারিদ্র্যসীমার নিচে বাস করে। এ ক্ষেত্রে সবচেয়ে বড় চ্যালেঞ্জ হচ্ছে কিভাবে তাদের কাছে তথ্য পৌঁছে দেওয়া যায়। এখানে স্মরণ রাখতে হবে, বাংলাদেশে অধিকাংশ লোকের ইন্টারনেটে প্রবেশগম্যতা নেই। বাংলাদেশে আনুমানিক ৪ শতাংশ লোকের ইন্টারনেট সুবিধা আছে যেখানে ভারতে ১০ শতাংশ এবং পাকিস্তানে ৭ শতাংশ। এই বাস্তবতা এবং দক্ষিন এশিয়ার সাক্ষরতার কথা বিবেচনায় তথ্য কমিশনকে বিভিন্ন মাধ্যম যেমন- রেডিও টিভি, সংবাদপত্র প্রকাশনা, নাগরিক সনদ, বিলবোর্ড, জনপ্রিয় থিয়েটারের মাধ্যমে আরো বৃহৎ পরিসরে সচেতনতামূলক ভূমিকা নিতে হবে। সম্প্রতি

PDF compression, OCR, web optimization using a watermarked evaluation copy of CVISION PDFCompressor

রবি মোবাইল নেটওয়ার্কের সঙ্গে তথ্য কমিশনের সমঝোতা চুক্তির মাধ্যমে রবি তাদের গ্রাহকদের বিনা মূল্যে তথ্য অধিকার আইন ব্যবহারের বার্তা পৌছে দিচ্ছে। কয়েকটি বেসরকারি টিভি চ্যানেলও স্ক্রলের

মাধ্যমে তথ্য অধিকার আইন সম্পর্কে অবহিত করছে। ভবিষ্যতে এ প্রক্রিয়া অব্যাহত থাকলে জনগণ তথ্য অধিকার আইন ব্যবহারে আগ্রহী হবে।

বাংলাদেশে তথ্য অধিকার সচেতনতা বৃদ্ধিকল্পে গণমাধ্যম এখন পযর্ন্ত আশানুরূপ ভূমিকা পালন করতে পারেনি। জনসাধারণ বিশেষ করে প্রান্তিক মানুষের জন্য বিদ্যমান তথ্য তৈরিতে এবং এ আইনের প্রয়োজনীয়তা সৃষ্টিতে প্রিন্ট ও ইলেকট্রনিক গণমাধ্যমে কার্যকর ভূমিকা পালন করতে পারে। কয়েকটি বেসরকারি সংগঠন গণসচেতনতা সৃষ্টিতে ভূমিকা রাখছে, কিন্তু সেটাও সীমিত আকারে। সরকারের সামনে বড় চ্যালেঞ্জ হচ্ছে জনগণকে তথ্য অধিকার আইনের উপযোগিতা সম্পর্কে অবহিত করা।

তথ্য অধিকার আইন ২০০৯ এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি আইন অঙ্গাঙ্গিভাবে জড়িত। ডিজিটাল ও আধুনিক প্রযুক্তি ব্যবহার করে আর্থিক এবং মৌল মানবিক চাহিদা পূরণে এ দুটি আইন মূল অনুঘটক।। আঞ্চলিক ই- উন্নয়নের মাধ্যমে ই-গভর্ন্যান্সের কাঠামো সৃষ্টির লক্ষ্যে বৈশ্বিক প্রেক্ষাপটের পরিপ্রেক্ষিতে এ দুটি আইনের সমন্বয় সাধন জরুরি। সম্প্রতি সরকার ৪৫০১ টি ইউনিয়নে ই- গভর্ন্যান্স চালু করেছে। এই ই- গর্ভন্যান্সের মাধ্যমে তথ্য অধিকার আইনের উপযোগিতাসংক্রান্ত তথ্য সম্পৃক্ত হওয়া প্রয়োজন। তথ্য অধিকারের অনুশীলন এবং ব্যবহারসহ এ অঞ্চলের ই- গর্ভন্যান্স রাষ্ট্রীয় নীতিমালা প্রণয়নে জনগনের কার্যকর অংশগ্রহণ নিশ্চিত করে গণতন্ত্রকে আরো শক্তিশালী ভিত্তি দান করতে পারে।

তথ্য অধিকার আইন
নাগরিকের ক্ষমতায়নের সঙ্গে
জড়িত এবং নাগরিকের প্রতি
রাষ্ট্র ও এর অঙ্গসংগঠন,
রাজনৈতিক দল ও নেতৃত্ব,
প্রশাসন ও অন্যান্য প্রতিষ্ঠানের
দায়িত্বশীলতা নিশ্চিত করে

তথ্য অধিকারকে একটি কৌশলগত এবং নির্দিষ্ট সময় ছকে বেধেঁ দেওয়া দরকার। জনগণের ওপর তথ্য অধিকার আইনের বাস্তবায়ন এবং প্রভাব নিয়ে গবেষনা অতীব প্রয়োজনীয়। তথ্য অধিকার আইন বাস্তবায়নে এসব সমস্যা ও চ্যালেঞ্জের দিকে লক্ষ রাখতে হবে। সরকার এবং বেসরকারি সংগঠনগুলোকে ভেতর ও বাইরে জবাবদিহি করার ক্ষেত্রে তথ্য কমিশন অন্যতম ভূমিকা পালন করতে পারে। তবে কিছু ক্ষেত্রে সব নাগরিক সমাজ ও সংগঠন তাদের নিজেদের মধ্যকার অশোভনীয় প্রতিযোগিতা ও অনৈক্যের কারণে কার্যকর ভূমিকা পালনে ব্যর্থ হতে পারে। তথ্য অধিকার আইনের উন্মুক্ততার কারণে সরকারি এবং ব্যক্তিমালিকানাধীন খাতে তথ্য অধিকারকে দমিয়ে রাখার ঝুকিঁ রয়েছে। এ ক্ষেত্রে রাজনৈতিক নেতৃত্বের ক্ষমতার অযাচিত ব্যবহারের বিষয়টিও বিবেচনায় রাখতে হবে।

তাই তথ্য অধিকার নিশ্চিতকরণে নির্বাচিত জনপ্রতিনিধিদের নিজস্ব নির্বাচনী এলাকায় আইনের ব্যবহারকে কার্যকর করতে হবে। চূড়ান্তভাবে আমরা বাংলাদেশে তথ্য কমিশনকে নির্দিষ্ট সময়ের মধ্যে এমন একটি শক্তিশালী এবং স্বাধীন তথ্য কমিশন হিসেবে দেখতে চাই, যা সর্বাত্মক সমর্থন নিয়ে জনগণের তথ্যের অধিকার বাস্তবায়নে কার্যকর ভূমিকা পালনে সক্ষম হবে। (সংক্ষেপিত)

লেখক: ঢাকা বিশ্ববিদ্যালয়ের সমাজবিজ্ঞান বিভাগের অধ্যাপক (বর্তমানে প্রেষণে তথ্য কমিশনার, তথ্য কমিশন)

PDF compression, OCR, web optimization using a watermarked evaluation copy of CVISION PDFCompressor

তথ্য কমিশন স্বাধীনভাবে কাজ করছে

ড. সাদেকা হালিম

সারা বিশ্বে তথ্য জানার বিষয়টি এখন মৌলিক অধিকার হিসবে স্বীকৃতি পেয়েছে। পৃথিবীর উদার গণতন্ত্রকামী বিভিন্ন দেশে মুক্ত সরকার ব্যবস্থা প্রবর্তনে সহায়ক উন্নয়ন কৌশল হিসেবে অবাধ তথ্য প্রবাহ কবা তথ্যের স্বাধীনতা নিশ্চিত করার বিষয়টি সর্বাধিক গুরুত্ব লাভ করেছে। আর তারই ধারাবাহিকতায় বাংলাদেশেও তথ্য অধিকার আইন কার্যকর হয়েছে, গঠিত হয়েছে তথ্য কমিশন।মূলত তথ্য কমিশন হচ্ছে তথ্য অধিকার আইন বাস্তবায়নের তদারকি সংস্থা। সত্যিকার অর্থে তথ্য অধিকার আইন কতটা কার্যকর ভূমিকা রাখতে পেরেছে বা জনগণ এই আইনের সুফল কতটা ভোগ করতে পারছে সেই বিষয়টিকেই স্পষ্টভাবে তুলে ধরেছেন তথ্য কমিশনার ***ড. সাদেকা হালিম****। সাক্ষাৎকারটি গ্রহণ করেছেন-****মাসুম বিল্লাহ ও তুহিনা সুলতানা।***

প্রশ্ন ঃ একটি স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান হিসেবে বাংলাদেশের তথ্য কমিশন কতটুকু স্বাধীন? সরকারের পক্ষ থেকে কোন ধরনের চাপ আছে কি?

ড. সাদেকা হালিম ঃ ২৯ মার্চ ২০০৯ এ তথ্য অধিকার আইনটি জাতীয় সংসদে পাশ হয়ার পর থেকেই আইন মোতাবেক আমাদের কমিশন স্বাধীন। আইনের ১১(২) ধারায় উলেখ আছে যে, এটি একটি স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান। সে অনুযায়ী ২০০৯ এর জুলাই থেকে আমারা কাজ শুরু করেছি এবং এখন ২০১১ এর সেপ্টেম্বর, পর্যন্ত আমরা স্বাধীনভাবে কাজ করে যাচ্ছি এবং আমাদের উপর সরকারের কোন পক্ষ থেকেই কোন প্রকার চাপ সৃষ্টি করা হয়নি বা কোনভাবে প্রভাবিত করা হয়নি আমরা খুব সুষ্ঠুভাবে আমাদের কাজ করে যাচ্ছি। এ যাবৎ আমাদের কমিশনে ৬৬টি অভিযোগ এসেছে তার মধ্যে ৩৪টি অভিযোগ নিস্পন্ন করা হয়েছে, ২২টি ত্রুটিপূর্ণ এবং ৯টি অভিযোগ অনিস্পন্ন অবস্থায় রয়েছে। অভিযোগগুলোর ক্ষেত্রে দেখে গেছে যে, হয়ত দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা তথ্য দিতে দেরি করেছেন, অথবা বিভ্রান্তিকর তথ্য দিয়েছেন অথবা দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাই নেই এবং বেশিরভাগ অভিযোগই করা হয়েছে কোন সরকারি প্রতিষ্ঠানের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার বিরুদ্ধে। এক্ষেত্রে যেহেতু আমাদের সমন করার অধিকার আছে সেই মোতাবেক আমরা বাদি এবং অভিযোগকারী উভয় পক্ষকে হাজির করেছি। কিন্তু এই জাতীয় কার্যসমূহে আমরা কোন প্রকার চাপের সম্মুখীন হচ্ছি না।

প্রশ্ন ঃ আপনি যে বললেন, সংশিষ্ট ক্ষেত্রে কিছু কিছু অফিস এখনও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা নিয়োগ করেনি-এ ব্যাপারে আপনারা কোন পদক্ষপ নিয়েছেন?

ড. সাদেকা হালিম ঃ সেপ্টেম্বর ৪, ২০১১ পর্যন্ত আমাদের সর্বমোট দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা হচ্ছে, ৯৩২৭ জন। আর তার মধ্যে ২২৩৪ জন এসেছে বেসরকারি সংস্থা থেকে। এছাড়া বাংলাদেশে যে কয়টি মন্ত্রণালয় আছে তার প্রত্যেকটিরই পরিদপ্তর, অধিদপ্তর ও বিভাগ আছে। আবার বেসরকারি ক্ষেত্রে দেখা যায, যেসব প্রতিষ্ঠান বিদেশি সাহায্যে অর্থপুষ্ট, সেগুলো অবশ্যই তথ্য অধিকার আইনের আওতাভূক্ত। সুতরাং তাদের সকলকেই দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা নিয়োগ দিতে হবে। এক্ষেত্রে প্রথমদিকে আমরা সেভাবে সাড়া পাইনি। কারণ আইনটি কার্যকর হওয়ার ৬০ দিনের মধ্যে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা নিয়োগ দেয়ার কথা ছিল। প্রজ্ঞাপনটা জারি হওয়ার পর সরকরের পক্ষ থেকেই দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা নিয়োগের বিষয়ে সব অফিসে চিঠি যাওয়ার কথা ছিল, কিন্তু সেটা যায়নি। ফলে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা যে নিয়োগ দিতে হবে এটা এখনও অনেক সরকারি অফিসই জানে না। এক্ষেত্রে আমরা দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা নিয়োগের জন্য অনেক লিড-মিনিস্ট্রিকে চিঠি দিয়েছি, ক্যাবিনেট সেক্রেটারিকে চিঠি দিয়েছি, এমনকি প্রধানমন্ত্রীর কার্যালয়ে সেগুলো সিসি করে দিয়েছি। যেমন বেলা যখন অভিযোগ করল বিজিএমইএ ভবন কেন হয়েছে, তখন আমরা রাজউকে ফোন করে দেখলাম তাদের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা নেই এবং তারা নিয়োগও দিচ্ছে না। তথ্য কমিশনের পক্ষ থেকে বারবার ফোনকল ও চিঠি দেয়ার পরও সাড়া না পেয়ে গণপূর্ত মন্ত্রণালয়ের সাথে যোগাযোগ করে রাজউকে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা নিয়োগ দেয় হয়। আবার বঙ্গবন্ধু মেডিকেল কলেজে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা না থাকায় তাদের একটি অভিযোগ স্থগিত হয়ে রয়েছে। এসব ক্ষেত্রে যখন অভিযোগটা এসে যাচ্ছে তখন, সংশিষ্ট অফিসগুলো দায়িত্বপ্রাপ্ত কর্মকতা নিয়োগ দিচ্ছে। আমি মনে করি এ বিষয়ে আমাদের কমিশন অনিক বেশি সচেষ্ট। তাছাড়া মিডিয়াতেও আমরা এ বিষয়ে কথা বলেছি। তবে তথ্য কমিশন তো বাংলাদেশে একটি, অথচ মন্ত্রণালয় আছে ৪১টি। ফলে আমাদের পক্ষে তো দ্বারে দ্বারে ঘুরে তথ্য প্রদানের জন্য দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা নিয়োগ দেয়া সম্ভব নয়। তাছাড়া আমাদের জনবলও সীমিত। তাই দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা নিয়োগের দায়িত্ব শুধুমাত্র কমিশনের উপরই বর্তায় না, সরকারের বিভিন্ন এজেন্সির উপরও বর্তায়। কারণ তথ্য অধিকারের বিলটি যখন জাতীয় সংসদে পাশ হয়েছিল

PDF compression, OCR, web optimization using a watermarked evaluation copy of CVISION PDFCompressor

তখন নির্বাচিত সংসদ সদস্যদের মাধ্যমে হয় এবং এই সংসদ সদস্যদের অনেকেই এখন মন্ত্রীত্ব পেয়েছেন। মন্ত্রী মহোদয়গণের সম্মতিতেই হয়েছিল। সুতরাং গণতন্ত্রের স্বচ্ছতা এবং জবাবদিহিতার জায়গা থেকে মন্ত্রণালয়ের বিভিন্ন পরিদপ্তর, অধিদপ্তরে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা নিয়োগ দেয়া খুবই জরুরি।

প্রশ্নঃ দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা নিয়োগের ব্যাপারে চিঠি দেয়ার পর সরকারের পক্ষ থেকে কি ধরনের সাড়া পাচ্ছেন?

ড. *সাদেকা হালিম ঃ* আমরা gradually সাড়া পাচ্ছি। আমরা তাদের সাথে socially ও meet করছি, professionally ও করছি। এক্ষেত্রে বেশ কিছু মন্ত্রণালয় সাড়া দিয়েছে। যেমন কৃষি মন্ত্রণালয় ও অর্থ মন্ত্রণালয় থেকেও নাম আসতে শুরু করেছে। অর্থাৎ এসব ক্ষেত্রে আমাদের পদক্ষেপ সফল হয়েছে বলে আমি মনে করি। আবার বেসরকারি সংগঠনগুলো যারা মানুষের জন্য ফাউন্ডেশনের কাজ করছে, তাদের সাথেও আমরা মতবিনিময় করেছি এবং তারপর থেকে বেসরকারি সংগঠন থেকেও নাম আসতে শুরু করেছে। তবে এক্ষেত্রে কোথায় যেন একটু ভাটা পড়েছে। আর এর কারণ হচ্ছে সরকারি ও বেসরকারি প্রতিষ্ঠানগুলোকে আলাদা করে দেখার প্রবণতা। তবে এটা দূর করা প্রয়োজন। কারণ সরকারি প্রতিষ্ঠানগুলো যেমন জনগণের ট্যাক্স নিয়ে কাজ করছে, এনজিওগুলো তেমনি বিদেশি অর্থ নিয়ে এসে কাজ করছে। বিদেশি অর্থের সঠিক মূল্যায়ন হচ্ছে কিনা সেটা দেখতে হবে। আর এক্ষেত্রে এনজিওগুলোকেও সক্রিয় হতে হবে। কারণ তারা প্রত্যন্ত এলাকায় মানুষকে নিয়ে সবচেয়ে বেশি কাজ করছে।ফলে তাদেরকেও জবাবদিহি করতে হবে।

প্রশ্ন ঃ কর্পোরেট হাউসগুলো বা বড় বড় প্রাইভেট কোম্পানিগুলো তাদের আয়-ব্যয়ের ব্যাপারে মুখ খুলতে চায়না কিংবা মিডিয়াও তাদের বিষয়ে তেমন কোন তথ্য প্রকাশ করছে না। এক্ষেত্রে তথ্য প্রাপ্তি নিশ্চয়তা কীভাবে সৃষ্টি হতে পারে?

ড. *সাদেকা হালিম ঃ* প্রাইভেট স্টের বা কর্পোরেট হাউসগুলোকে তথ্য অধিকার আইনের মধ্যে সম্পৃক্ত করা হয়নি। তবে এটা শুধু বাংলাদেশে নয়, উন্নত এবং অনুন্নত বিশ্ব সব জায়গাতেই এটাকে পুরোপুরি বাদ দেয়া হয়েছে। যেমন জার্মানিতে আমি দেখেছি, সেখানে বহুজাতিক কোম্পানিগুলোকে তথ্য অধিকার আইনের আওতা থেকে বাদ দেয়া হয়েছে। আবার আমাদের প্রতিবেশী দেশ ভারতের আইনেও এটা নেই। আফ্রিকার দেশগুলো যেমন ঘানা, কঙ্গোতেও প্রাইভেট সেক্টরকে অন্তর্ভূক্ত করা হয়নি। তবে আমি মনে করি, প্রাইভেট সেক্টরকেও তথ্য অধিকার আইনের আওতায় নিয়ে আসা প্রয়োজন। কারণ তারা আমাদের দেশীয় সম্পদ নিয়ে কাজ করে। সে কারণে তাদের বিষয়ে জনগণের জানা উচিত। তাছাড়া এমনিতেই এসব ক্ষেত্রে অনেক চুক্তি করা হয় জনসাধারণকে না জানিয়ে, চুক্তির আংশিকটা হয়ত প্রকাশ করা হয়। আবার ওয়েবসাইটে যতটুকু তথ্য দেয়া প্রয়োজন ততটুকুই শুধু দেয়া হয়, তার বেশি সংশিষ্ট কর্তৃপক্ষগুলো দিচ্ছে না। সুতরাং সংবিধানের সপ্তম অনুচ্ছেদ অনুযায়ী যদি আমি ধরে নিই, জনগণই প্রজাতন্ত্রের সকল ক্ষমতার মালিক, তাহলে অবশ্যই আমাদের Pro-active disclosure যেতে হবে। সেক্ষেত্রে আমাদের গ্যাস, তেল ইত্যাদি রিসোর্স কিভাবে ব্যবহৃত হচ্ছে বা আমাদের অন্যান্য যে সব রিসোর্স রয়েছে যেমন মিনারেল রিসোর্সেস বা আমাদের যে সব ওষুধ ফ্যাক্টরি ও এক্সপোর্ট প্রসেসিং জোনগুলো আছে সুগুলো কীভাবে বা কোন নীতিমালায় চলছে বা কীভাবে তারা বিনিয়োগ করছে সে বিষয়ে অবশ্যই জানানো উচিত। কেননা এসব ক্ষেত্রে আমাদের শ্রমিকরা বিশেষ করে নারী শ্রমিকরা স্বল্প মূল্যের শ্রম উৎস হিসেবে ব্যবহৃত হচ্ছে। একইভাবে টেলিকমিউনিকেশন্স এর ক্ষেত্রেও এটা লক্ষ্য করা যায়। যেমন বর্তমানে আমরা শুনতে পাচ্ছি যে, 3G আসবে। এই 3G'র ফ্রিকোয়েন্সিটা কত টাকার বিনিময়ে দেয়া হচ্ছে সেটা প্রয়োজন। কারণ প্রতিবেশি দেশ ভারতে সম্প্রতি 3G নিয়ে একটা বিরাট কেলেঙ্কারি হয়ে গেছে। আমরা চাইনা বাংলাদেশ সেই কেলেঙ্কারির মধ্যে পড়ুক। এক্ষেত্রে যতটুকু সম্ভব আমাদেরকে Pro-active disclosure এ যেতে হবে। আমাদের দরপত্র কি হবে, কতটা আমরা প্রকাশ করব, তাও নির্ধারণ করতে হবে। আর এগুলো যদি জনগণের পক্ষে না যায়, তাহলে আমাদের মত দরিদ্র দেশের জনগণ অনেক বেশি বঞ্চিত হবে।

প্রশ্ন ঃ তথ্য অধিকার বাস্তবায়ন এবং জনগণকে এ বিষয়ে সচেতন করার লক্ষ্যে কমিশন কি ধরনের পদক্ষেপ গ্রহণ করেছে?

ড. *সাদেকা হালিম ঃ* তথ্য অধিকার আইন যথার্থভাবেই বাস্তবায়তি হচ্ছে? যেমন আমি যে এখন সাক্ষাৎকার দিচ্ছি, এটাও তো একটা বাস্তাবয়নের পদক্ষেপ,কারণ এর মাধ্যমেও মানুষকে জানানো হবে। তাছাড়া ইতোমধ্যে আমরা জনঅবহিতকরণ করেছি ৪৯টি জেলায়। জনঅবহিতকরণের জন্য সভাটা করা হয় সাধারণত জেলা প্রশাসকের সহায়তায়। তবে সেখানে পুলিশ, আনসার, সিভিল সোসাইটি, স্কুল কলেজের শিক্ষক, এনজিওকর্মী, মানবাধিকারকর্মীসহ সর্বস্তরের জনগণ উপিস্থত থাকে। এছাড়া আমরা সিলেট, রংপুর এবং ঢাকা ডিভিশনেও আংশিকভাবে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাদের তথ্য কমিশন, Article-19 এর সহযোগিতায় ট্রেনিং দিয়েছি। প্রিন্ট ও ইলেক্ট্রনিক মিডিয়াতেও বিভিন্ন টকশো'র মাধ্যমে জানানো হয়েছে। এছাড়া বাকি ১৫টি জেলার বিষয়ে আমরা সিদ্ধান্ত নিয়েছি যে, জেলাসহ উপজেলাগুলোতেও জনঅবহিতকরণ সভা করা হবে এবং অন্যান্য উপজেলাতেও পর্যায়ক্রমে সভা করার পরিকল্পনা রয়েছে। আমরা রবি এবং গ্রামীণের সাতে এসএমএস

PDF compression, OCR, web optimization using a watermarked evaluation copy of CVISION PDFCompressor

টেক্সটিং করেছি। আমাদের ওয়েবসাইট develop করা হয়েছে। তবে তথ্য কমিশনের পাশাপাশি সুশীল সমাজ বা যেসব এনজিও তথ্য অধিকার আইন প্রণয়নে কাজ করেছে তাদেরকেও এক্ষেত্রে অনেক বলিষ্ঠ ভূমিকা রাখা প্রয়োজন। আর এক্ষেত্রে এসএসসি'র মত সংস্থগুলো এগিয়ে আসলে সেটা কমিশনের কাজে অনেকখানি সহায়ক হবে।

প্রশ্ন ঃ লোকবল নিয়োগ বা কমিশনের প্রয়োজনীয় অর্থের ব্যাপারে আপনারা কিছুটা সরকারের উপর নির্ভরশীল। এ বিষয়টিকে আপনি কীভাবে দেখছেন?

ড. সাদেকা হালিম ঃ সেই অর্থে আমরা নির্ভরশীল না। আমাদের আইনে আছে (ধারা ২০ এ বলা আছে), "নির্দিষ্ট সময়ের মধ্যে পরবর্তী বছরের বার্ষিক বাজেট অনুমোদনের জন্য নির্দিষ্ট ফরমে সরকারের নিকট পেশ করবে এবং ফরমে উক্ত অর্থবছরে কমিশন সরকারের নিকট থেকে কি পরিমাণ অর্থের প্রয়োজন হবে তার উলেখ থাকবে" এবং সেটা আমরা করি। ফলে বাজেট নিয়ে আমাদের কোন সমস্যা বা জটিলতা নেই। কারণ আমরা যে বাজেট চাচ্ছি সেটাই অনুমোদিত হচ্ছে। কিন্তু বাজেটের ব্যয় নিয়ে কিছুটা সমস্যা রয়েছে। কারণ বাজেট সুষ্ঠুভাবে ব্যয় করার জন্য যে পরিমাণ জনবল প্রয়োজন (৭৬ জন) সেটা আমরা পূরণ করতে পারিনি। সরকারি পর্যায়ের প্রেষণায় যারা যারা এসছে, তাদের ক্ষেত্রেও অনেক সময় লেগে যাচ্ছে। কারণ বিভিন্ন মন্ত্রণালয় ঘুরে তারপর তারা আসছে। আবার অনেকে কমিশনে কাজ করতেও ততটা আগ্রহী নয়। তারা মন্ত্রণালয়ে কাজ করতে বেশি আগ্রহী। এটাও কিন্তু একটি বিবেচনার বিষয়। অবশ্য আমরা সরাসরি নিয়োগের চিন্তাভাবনা করেছি। যেমন গবেষণা কর্মকর্তা, প্রধান সহকারী নিয়োগের ক্ষেত্রে আমাদের একটা স্বাধীনতা আছে। এক্ষেত্রে প্রথমে আমাদের বলা হয়েছিল পাবলিক সার্ভিস কমিশনের মাধ্যমে আনতে হবে। তখন আমরা প্রধান কমিশনার সহ সকলে মিলে উদ্যেগ নিয়ে আইন মন্ত্রণালয় ও তথ্য মন্ত্রণালয়কে অবহিত করেছি এবং তারা জনিয়েছেন যে, এখন আমরা নিজেরাই সরাসরি এসকল পদে নিয়োগ দিতে পারব এবং এই নিয়োগ প্রক্রিয়াটা খুব শিগগিরই শুরু হতে যাচ্ছে। অর্থাৎ ধাপে ধাপে আমরা এগিয়ে যাচ্ছি বলা যায়। তবে আমাদের বিধি বিধান যেগুলো আছে সেগুলো আমাদের আইন মন্ত্রণালয়ের সাথে বসে সংশোধন করে নিতে হবে। কিন্তু উন্নত বিশ্বের আইনগুলোতে আছে যে, তথ্য কমিশনের বাজেটটা সরাসরি পার্লামেন্ট থেকে অনুমোদিত হয়ে আসবে। আর এটা যদি আমাদের দেশেও করা হয় তাহলে আমরা অনেক বেশি স্বাধীনভাবে কাজ করতে পারব। কারণ এক্ষেত্রে সরাসরি পার্লামেন্টে জবাবদিহিতা করতে হবে। কিন্তু আমাদের ক্ষেত্রে তথ্য ও অর্থ মন্ত্রণালয় ঘুরে আসছে, সেকারণে বাজেটে পেতে আমাদের সময় লাগছে বেশি। তবে সময়ের সাথে সাথে এই পরিবর্তনটা আসবে বলে আমি আশা করছি।

প্রশ্ন ঃ তথ্য অধিকার বাস্তবায়নে স্থানীয় সরকার কি ভূমিকা রাখতে পারে?

ড. সাদেকা হালিম ঃ স্থানীয় সরকার এক্ষেত্রে অনেক বেশি ভূমিকা রাখতে পারে। মাননীয় প্রধানমন্ত্রী নিজেও এ ব্যাপারটিতে অত্যন্ত নিষ্ঠাবান। প্রধানমন্ত্রীর কার্যালয়ে ইউনিয়ন পরিষদকে ডিজিটাল করার জন্য যে A2I পদক্ষেপ নেয়া হয়েছে, সেটা তিনি নিজেই দেখেন এবং এটা অত্যন্ত প্রশংসনীয় একটি পদক্ষেপ। অবশ্য এখানে অনেক সীমাবদ্ধতাও আছে। তবে একটি প্রক্রিয়াতো শুরু হয়েছে। শুরু হওয়াটা জরুরি ছিল। এক্ষেত্রে আমি মনে করি যে, ইউনিয়ন পরিষদ সরাসরি আমাদের আইনে না থাকলেও সংবিধানের ধারা ২ এর ৫৫/৬ অনুচ্ছেদ অনুযায়ী ইউনিয়ন পরিষদ এই আইনের আওতায় রয়েছে এবং আমাদের অভিযোগগুলো পর্যালোচনা করলে দেখা যাবে, প্রত্যেকটি অভিযোগ আসছে উপজেলা বা ইউনিয়ন পর্যায় থেকে। আর এক্ষেত্রে বেসরকারি সংগঠন যেমন: রিইব, নাগরিক উদ্যোগ, মানুষের জন্য, এমআরডিআই এবং আর্ন্তজাতিক সংস্থা Article-19 এবং স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান হিসেবে তথ্য কমিশন যেখানে সক্রিয় আছে সেসব এলাকা থেকেই বেশি অভিযোগ কমিশনে আসছে।

প্রশ্ন ঃ স্থানীয় পর্যায়ে থেকে শুরু করে আপিল কর্তৃপক্ষ পর্যন্ত তথ্য না পেলে অভিযোগকারীকে সরাসরি ঢাকায় আসেতে হয় এবং এটি অনেক ব্যয়বহুল ও সময়সাপেক্ষ ব্যাপার। এ বিষয়ে কমিশনের ভাবনাটা কি?

ড. সাদেকা হালিম ঃ তথ্য কমিশন বিষয়টি নিয়ে চিন্তভাবনা করছে। আমরা দেখছি যে, প্রান্তিক জনগোষ্ঠী, সাধারণ মানুষ থেকে শুরু করে বেদে কমিউনিটির মানুষও এখানে আসছে এবং তাদেরকে অভিযোগ নিস্পন্ন হওয়া পর্যন্ত সাধারণত দুই তিনবার আসতে হচ্ছে। সরকারি কর্মকর্তা যারা আসছেন তারা একটা সরকারি ভাতা পাচ্ছেন বা তাদের জন্য হোটেলে থাকার ব্যবস্থা করা হচ্ছে অথবা তারা সরকারি ব্যবস্থাপনায় থাকছেন। কিন্তু প্রান্তিক জনগোষ্ঠীর জন্য ট্রাস্ট করার ব্যাপারে আমাদের একটা চিন্তা ভাবনা আছে, অথবা ট্রাস্ট করার ক্ষেত্রে কেউ যদি সামাজিক দায়িত্ব পালনের জন্য এগিয়ে আসে, তাহলে সেক্ষেত্রে সেই ট্রাস্টের মাধ্যমে হয়ত আমরা হতদরিদ্র মানুষের বাস ভাড়া বা দুই বেলা খাবার খরচটা দিতে পারি। আর এতে করে মানুষের আগ্রহটা হয়তা আরো বাড়বে এবং এ বিষয়টা বিবেচনা করা প্রয়োজন। আবার মিডিয়াগুলো বিশেষ করে প্রাইভেট চ্যানেলগুলো এত বেশি মানবাধিকার লঙ্ঘনের কথা বলে অথচ তারা কোন তথ্য অধিকার বিষয়ক

PDF compression, OCR, web optimization using a watermarked evaluation copy of CVISION PDFCompressor

অনুষ্ঠান বিনা পয়সায় প্রচার করে না। কিন্তু আমি মনে করি, তথ্য অধিকার সম্পর্কে মানুষকে সচেতন করার জন্য কর্পোরেট সামাজিক দায়বদ্ধতার আওতায় প্রাইভেট চ্যানেলগুলো আইনটি সম্পর্কে জনগণকে অবহিত করতে পারে।

প্রশ্ন ঃ তথ্য কমিশনের যে ঢাকাকেন্দ্রিক প্রবণতা এটার বাইরে আপনাদের কোন চিন্তা আছে কি?

ড. সাদেকা হালিম ঃ আইনে আছে যে, রিজিওনাল অফিস করা যাবে, যেমন দুদকের ২২টি রিজিওনাল অফিস আছে। আশা করি, তথ্য কমিশনের ক্ষেত্রেও ভবিষ্যতে পর্যায়ক্রমে এটা করা হবে।

প্রশ্ন ঃ দুদকের কার্যক্রম সঠিকভাবে পরিচালনার ক্ষেত্রে তথ্য কমিশন কি কোন ভূমিকা পালন করছে বলে আপনি মনে করেন?

ড. সাদেকা হালিম ঃ হ্যাঁ, আমাদের এখানে অনেক অভিযোগ আছে যেগুলো একেবারে সরাসরি দুর্নীতির সাথে সম্পর্কিত যেমন সমবায়ের টাকা পয়সা, জমিজমা এসব তথ্যগুলো আমরা দিয়ে দিচ্ছে। কিন্তু পরবর্তীতে তারা এই তথ্যের প্রেক্ষিতে কি করছে সেটা আমরা জানি না। এটার একটা মনিটরিং বা Follow up research এর ব্যবস্থা করা যায়। আমরা অনেক সময় জিজ্ঞাসা করি-নির্দিষ্ট তথ্যটি আপনি কেন জানতে চেয়েছেন? আর এই উত্তরটা জানা বা এর একটা ধারণা পেলে সেটা খুব ভাল একটা পদক্ষেপ হতে পারে। দুর্নীতির সাথে সম্পৃক্ত যে অভিযোগগুলো আসছে, সেটা দুদকের অনেক কাজও কমিয়ে দিচ্ছে। এখানে আমি মনে করি দুদকের আইনের সাথে আমাদের অনেক মিলও আছে। ওরা Investigate করে, পরিদর্শন করে এবং Criminal procedure এর অধীনে নিষ্পত্তি করে। আমরা Civil procedure এর অধীনে কাজ করি।

সুতরাং এই দুটি আইনের মধ্যে ঘনিষ্ট সম্পর্ক বিদ্যমান এবং আমি মনে করি দুটো আইন যদি সম্পৃক্ত হয়ে কাজ করে, সমন্বয় করে তাহলে দুর্নীতি রোধ অনেকটা সহজ হবে।

প্রশ্ন ঃ আপনাদের কমিশনের সুনির্দিষ্ট করে বিশেষ অর্জনগুলো কি কি হয়েছে বলে আপনি মনে করেন?

ড. সাদেকা হালিম ঃ অর্জনের দিকটা জনগণ বিচার করবে, গণমাধ্যম বিচার করবে। তবে আমি বলব যে, অবশ্যই আমাদের অর্জন হয়েছে। আমরা যখন শুরু করি, তখন আমাদের কমিশনের সুনির্দিষ্ট কোন স্থান ছিল না। দীর্ঘ সাত মাস পর আমাদের নিজস্ব কার্যালয় হয়েছে। তবে আমরা অবশ্যই অবকাঠামোর বাইরে আমাদের নিজস্ব কার্যালয় হয়েছে। তবে আমরা অবশ্যই অবকাঠামোর বাইরে গিয়ে কমিশনের সাফল্য দেখতে চাই। কিন্তু আমলাতান্ত্রিক মানসকাঠামো কমিশনের কার্যক্রমকে অনেকক্ষেত্রে প্রভাবিত করছে। কারণ এই সময়টাতো আমরা আর ফিরে পাচ্ছি না। একই সাথে তথ্য অধিকার আইন বাস্তবায়নের জন্য Desk work এর মধ্যে সীমাবদ্ধ না থেকে মাঠপর্যায়ে যথাযথ উদ্যোগ গ্রহণ করা প্রয়োজন। তবে কমিশনের বিশেষ অর্জনটা হচ্ছে আমরা যে অভিযোগগুলো দুই বছরের মাথায় পেয়েছি নেপালের তথ্য কমিশনে দেখা গেছে তিন বছরে সেই পরিমাণ অভিযোগ এসেছে। অথচ আমাদের জেলা ৬৪টি আর ওদের হচ্ছে ৭৫টি। অনেকে অবশ্য বলতে পারে আমরা জরিমানা বেশি করিনি। তবে জরিমানাটাই যে অর্জন তা নয়। আমরা দেখেছি যে, দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাদের তথ্য অধিকার আইন সম্পর্কে পড়াশোনার জন্য উৎসাহিত করতে হবে। একইভাবে আপিল কর্মকর্তা অনেকসময় তথ্য দিতে Nervous feel করে। কারণ কর্তৃপক্ষ বা Official permission ছাড়া সে তথ্য দিতে পারে না। এই যে Bureaucratic মানসিকতা এবং Official Secrecy Act 1923 বিশেষ ধারাসমূহ যেগুলো তথ্য অইনের সাথে সাংঘর্ষিক সেগুলো যদি আমরা repeal করতে না পারি, তাহলে যদিও আমরা বলছি যে, ধারা অনুযায়ী আমাদের আইনটা প্রাধান্য পাবে, কিন্তু এই জায়গাটাতে মানসকাঠামো সেই আগের মতই থেকে যাচ্ছে। ফলে অর্জনটা সেখানেই যখন আমরা দেখছি যে, এই বাধা বিপত্তি পেরিয়েও মানুষ তথ্য জানতে চাচ্ছে আবেদন করছে, সামনে আসছে এবং অভিযোগ করছে। সুতরাং এক্ষেত্রে আইনটা কোন সমস্যা নয়। সমস্যাটা হচ্ছে প্রক্রিয়া। অর্থাৎ প্রশাসনিক জটিলতা ও আমলাতিন্ত্রক জটিলতার পাশাপাশি কিছু আইন রয়েছে যেমন: Business rules, Official Secrecy Act এগুলোর repeal করতে হবে। ভারতে কিন্তু এই আইনগুলো repeal হয়ে গেছে। আর এটা করবে জনগনের ভোটে নির্বাচিত সংসদ সদস্যরা, তাদেরকেই এই প্রয়োজনীয়তাটা অনুভব করতে হবে। তাহলে হয়ত তথ্য কমশিন অনেক বেশি অগ্রসর হতে পারবে।

প্রশ্ন ঃ গত ৮ তারিখে তথ্য কমিশন যে রায় দিয়েছে সে সম্পর্কে যদি কিছু বলেন:

ড. সাদেকা হালিম ঃ এই রায়টা আসলে খুব চাঞ্চল্যকর একটি রায় হয়েছে বলে আমাদের দৃষ্টিকোণ থেকে পরিলক্ষিত। শেখ আলী আহমেদ নামে এক ব্যক্তি এই অভিযোগটা করেন। তার ভাই নির্মমভাবে হত্যাকান্ডের শিকার হয় এবং যিনি হত্যাকান্ড ঘটিয়েছেন বলে তারা থানায় দাবি করেছেন এবং পরবর্তীতে চার্জশিটও দিয়েছেন, সেই ব্যক্তিকে দেখানো হয়েছে যে, গত ৭ তারিখ-১১ তারিখ পর্যন্ত আড়াই হাজার উপজেলায় ছিল, কিন্তু যখন বিভ্রান্তিকর তথ্য দিয়ে বলা হয় ৭ তারিখে তার কোন নাম নেই, তার পরিপ্রেক্ষিতে পরবর্তীতে আমরা সমস্ত রেজিস্ট্রার নিয়ে এসে চেক করেছি।

PDF compression, OCR, web optimization using a watermarked evaluation copy of CVISION PDFCompressor

অনেকে বলেছে এত কম টাকা জরিমানা করা হল কেন? কিন্তু টাকাটা আসলে মূল বিষয় নয়, আসল কথা হচ্ছে এই বিষয়টি ইলেক্ট্রনিক ও প্রিন্ট মিডিয়ায় গেছে এবং স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কর্মকর্তার বিরুদ্ধে আমরা ব্যবস্থা গ্রহণ করতে পেরেছি, আর সেখানেই আমাদের সফলতা। আমরা স্বাস্থ্য পরিবারকল্যাণ মন্ত্রণালয়ের সচিব ও স্বাস্থ্য অধিদপ্তরের মহাপরিচালকের কাছে চিঠি দিয়েছি, যাতে তারা তার বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করতে পারে এবং দায়িত্বপ্রাপ্ত সিভিল সার্জন যে তথ্য অধিকার আইন সম্পর্কে অবগতই ছিল না কিংবা দায়িত্ব গাফিলতি করে ডিজিকে চিঠি দিয়েছেন, তাকেও আমরা অন্তর্ভুক্ত করেছি। আইনে আছে আপিল কর্তৃপক্ষকে জরিমানা করা যাবে না। কিন্তু দেখেছি যে, আপিল কর্তৃপক্ষের জন্যই অনেক দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা জরিমানার শিকার হতে পারেন। সে কারণে আপিল কর্তৃপক্ষকে খুবই সচেতন হতে হবে আইনটা সম্পর্কে। এজন্য দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা এবং আপিল কর্তৃপক্ষ উভয়কেই আমরা ট্রেনিং এর আওতায় আনতে চাচ্ছি।

প্রশ্ন ঃ আইনের সীমাবদ্ধতা নিয়ে আপনি কি ভাবছেন?

ড. *সাদেকা হালিম ঃ* আমি মনে করি আইনটা সবার জন্য প্রযোজ্য হওয়া উচিত। বাংলাদেশে ইন্দ্রিয় প্রতিবন্ধী ছাড়াও আরও ছয় ধরনের প্রতিবন্ধী রয়েছে। তাদের জন্যও আইনটা গ্রহণযোগ্য হওয়া উচিত এবং আমার মতে, ব্রেইল পদ্ধতিতে আইনটা প্রকাশ করা হোক এবং কোন সংগঠন যদি এক্ষেত্রে এগিয়ে আসে তাহলে আমরা তাদেরকে Welcome করব। এছাড়া বাংলাদেশে সমগ্র জনসংখ্যার ৫০% নারী। তাদের তথ্য প্রদানের ক্ষেত্রে বিশেষ অগ্রাধিকার দেয়া প্রয়োজন এবং একই সঙ্গে আদিবাসীরাও যেন আইনটি যথাযথভাবে ব্যবহার করতে পারে সে ব্যবস্থা করা প্রয়োজন।

প্রশ্ন ঃ আইনটা বাস্তবায়নের ক্ষেত্রে সরকারের পক্ষ থেকে ছাড়া আর কোন বাঁধা আছে কি?

ড. *সাদেকা হালিম ঃ* না, সেভাবে কোন বাঁধা নেই।

PDF compression, OCR, web optimization using a watermarked evaluation copy of CVISION PDFCompressor

OP-ED

Right to information: Making state work for the poor

The Daily Star

(Monday, June 13, 2011)

Irene Khan

Two years after Bangladesh adopted the Right to Information (RTI) Act it is time to ask whether and how well the law is working.

Described as "the sunshine law" -- because it throws light on how the state governs -- the right to information is recognised both as an international human right and as an essential ingredient of democracy and good governance. Today, some 90 countries/territories have RTI laws, among them India, Nepal and Bangladesh.

Information empowers people to claim their rights and better represent their interests; popular demand makes democratic government more responsive and effective. The argument for RTI is persuasive; the practice is more challenging as the case of Bangladesh demonstrates.

The RTI Act of Bangladesh, adopted in April 2009, requires public bodies and non-governmental organisations that receive or use public/foreign funding to disclose to citizens information about what they do and how they work. The Act has set up an Information Commission to ensure compliance with the law. Despite some weaknesses (such as too many exemptions from disclosure) the statute is a significant achievement in a country where administration is steeped in secrecy.

The Information Commission believes good progress is being made with thousands of requests for information having been processed, officials designated to handle these requests at the local level, a website and a mobile phone campaign to sensitise citizens on the law.

Civil society groups claim little has changed in the official culture where citizens are treated as subjects and demands for disclosure as impertinent. Most people -- including some designated officials -- are not aware of the law and therefore do not use it. There is considerable confusion between request for information that is publicly available and RTI disclosure. Poor government records are a major obstacle even where officials want to respond positively.

RTI is about holding the government to account, and so its successful implementation depends on people actually using the law. Neither citizens at large nor NGOs nor the media have engaged much with the law. Why such lukewarm reception to a law that could potentially transform governance and democracy?

Unlike India, where the RTI law was the outcome of a mass movement demanding open government, in Bangladesh it was the result of pressure from a select group of civil society organisations and leaders. In that sense the RTI law is an elitist product -- and elites do not need the Act; they use their networks.

It is the poor and the disempowered that could benefit the most from RTI. But most poor people in Bangladesh do not know about the law, and if they did, would be sceptical about it. The state has constantly failed the poor -- so why should they believe that if they demand information they will get it? Or that they will not face reprisals if they dare ask a question? And even if they receive the information, the path from information to action to outcome is so arduous that even the wealthy sometimes fail -- so what chance do poor people have of achieving change?

More engagement by NGOs could help to overcome the ignorance, fear and cynicism of poor people. But RTI is a double-edged sword for most NGOs who are not only its clients but also its subjects. Some NGOs fear that if they press the government, it will retaliate by using the law to expose their own weaknesses. So they keep a distance from RTI.

Besides, most NGOs in Bangladesh are service oriented. They do not understand rights and even less how RTI can be used to empower people and improve governance and democracy.

PDF compression, OCR, web optimization using a watermarked evaluation copy of CVISION PDFCompressor

The media are ambivalent about RTI. The process is cumbersome and many journalists can get better and faster information through their own informal channels. Indeed, some journalists pride themselves on their secret, exclusive sources. So they too have kept away from RTI.

It is against this background that the work of Research Initiatives Bangladesh (RIB) provides some interesting insights. In a year-long initiative RIB trained animators selected from marginalised communities on the RTI law. These animators then worked with their communities to create awareness and instil confidence in the people that they could use the law with results and without fear of reprisals.

These efforts generated some 230 RTI requests for information on safety net programmes, health services, land distribution, scholarships and other government services. Of these queries, 65 led to appeals at the higher level and 15 complaints ended up with the Information Commission. In total, 45 applications succeeded in the first instance and 6 on appeal. A success rate of around 22% may not seem impressive at first sight -- but for those whom the state has never acknowledged before, it has been riveting.

Furthermore, in a number of cases, when people demanded disclosure, they didn't get an answer but they got the benefit, the denial of which had motivated their query. Officials, fearful that RTI would expose their corrupt practices, pre-empted the process by conceding the benefits. Arishi community got an arsenic-free tube well; several elderly robidas, bedes and Munda persons were given old age pensions; others were enlisted for the government's homestead programme for the poor, and so on.

So, what can we learn from this exercise? The poor can ask questions -- not just any question but those that are uncomfortable and expose vested interests, and the state is compelled to respond when challenged by empowered, persistent citizens. Demand (for information) creates supply (for responsive government), and so the strategy to make RTI work has to be to generate more demand.

What organisations like RIB, Nijera Kori and some others are doing is only scratching the surface of what can potentially happen. RTI is about much more than resolving individual grievances. It is about making government open and accountable, shifting power from the ruler to the ruled and transforming the relationship between citizen and state.

In the words of Aruna Roy, a leading Indian activist, "...the right to information lets the cat amongst the pigeons, upsets comfortable but unholy alliances and opens the doors for democratic debate." In Rajasthan, where Roy worked, a demand for information about public works instigated a mass public campaign and social audits that not only challenged corruption and the arbitrary exercise of power but also created a new model of participatory democracy and political accountability of the powerful to the poor.

In Bangladesh, the first two years of RTI has demonstrated -- if only in a very limited way -- that individual citizens can force the state to improve its delivery. But in the next phase, if those efforts are to lead to systemic change, there needs to be a scaling up of individual requests into collective demands and mass campaigns. Just as public interest litigation has changed judicial decision-making, public interest information campaigns can energise grassroots participatory democracy and change the face of development in this country.

That will require leadership from civil society and the media. The Information Commission too will have to become more mass-oriented. Media and NGOs often criticise the democratic deficit in Bangladesh. The means for changing it is staring them in the face -- will they have the courage to take it and shape it to transform democracy and development?

The writer is Consulting Editor of the Daily Star.

PDF compression, OCR, web optimization using a watermarked evaluation copy of CVISION PDFCompressor

Editorial
RTI under the microscope
Tangible progress yet to be seen

The Daily Star

(Friday, September 30, 2011)

